**শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়**
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭ ।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৭১)/২০২২/ ৫৭৭ তারিখঃ ২৮-০৭-২০২৬

## নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে স্নাতক পর্যায়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে লেভেল-১, সেমিস্টার-১ এ ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বোর্ড হতে বৃত্তির জন্য মেধা/সাধারণ কোটায় নির্বাচিত হয়েছে, তাদেরকে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করে শিক্ষা ও বৃত্তি শাখায় সংরক্ষিত নির্ধারিত ফরম (সংযুক্ত) সংগ্রহপূর্বক পূরণ করে আগামী ১৬-০৮-২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার কার্যালয়ের শিক্ষা ও বৃত্তি শাখার ২২০ নম্বর কক্ষে জমা দেয়ার জন্য বলা হলো ।

উল্লেখ্য যে, বিভিন্ন লেভেল/সেমিস্টারে অধ্যয়নরতদের মধ্যে বোর্ড বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থী পূর্বে বৃত্তির জন্য আবেদন করেনি অথবা ভুল তথ্য প্রদানের জন্য বৃত্তি পায়নি, তাদেরকেও নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করে ফরম পূরণ/তথ্য সংশোধন করে জমা দেয়ার জন্য বলা হলো ।

**নির্দেশনাবলীঃ**

০১. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসিলভূক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে;
০২. শিক্ষার্থীর নিজস্ব ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
০৩. শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৪. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩/১৭ ডিজিটের মধ্যে হতে হবে ।
০৫. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে;
০৬. বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৭. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮. ব্যাংক হিসাবটি অবশ্যই সচল (Active) থাকতে হবে;

২৮/০৭/২৬
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)
শেকৃবি, ঢাকা-১২০৭

**অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে) :**

১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ, শেকৃবি, ঢাকা
২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) ........................................................................................, শেকৃবি, ঢাকা
৩। পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৪। হল প্রভোস্ট (সকল)....................................................................................................., শেকৃবি, ঢাকা
৫। ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি), শেকবি, ঢাকা
৬। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা
৭। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৮। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৯। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
১০। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
১১। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা
১২। অফিস কপি